



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬.২৫১৯

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪(৩) অনুসারে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার, ২০২৬

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ		বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)
১	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	৯.৫৭৮৫
২	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	৭.৩৯৫৫
৩	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	১০.১৮২৫
৪	ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	১০.১৮২৫
৫	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	৮.৭৪৯৫
৬	নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি	
	২৩০ কেভি	১০.০৮২৫
	১৩২ কেভি	১০.১৩২৫
	৩৩ কেভি	৮.৫০৭৫

২। শর্তাবলি:

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ ল্যাগ এর কম রেকর্ড হলে নিম্নবর্ণিত বিদ্যমান হারে সারচার্জ প্রযোজ্য হবে:

- (১) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮৮ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (২) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮০ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (৩) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৭৫ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(খ) বিলম্বে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল মাসে ১.০০% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকবে।

(গ) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেন (না লাভ-না ক্ষতি) এ পরিচালনার নিমিত্ত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করত প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বান্ধ) মূল্যহার স্থির করবে, যার ভারিত গড় কমিশন কর্তৃক বাপবিবো এর জন্য নির্ধারিত ভারিত গড় পাইকারি (বান্ধ) মূল্যহারের সমান হবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় কমিশনের পূর্বানুমোদনক্রমে উক্ত মূল্যহার পুনঃস্থির (Refix) করা যাবে।

৩। পুনর্নির্ধারিত বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার এবং এ সংক্রান্ত শর্তাবলী বিল মাস জুন ২০২৬ হতে কার্যকর হবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫